**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১ঢাকা। ,এ/বা ,মতিঝিল ,
www.moind.gov.bd

**শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির (জুন ২০২১ মাসের) সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২৪/০৬/২০২১
সময় : বেলা ১২.৩০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৫/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সভায় অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য কার্যক্রম অব্যাহত আছে এবং এ সংক্রান্ত ৩য় ত্রৈমাসিকে শতভাগ অর্জিত হয়েছে এবং অগ্রগতির প্রতিবেদন ১২/৪/২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্টশিল্প , মন্ত্রণালয়। |
| ২. | সভায় অবহিত করা হয় যে, দাপ্তরিক কার্যক্রমে নিয়মিত ই-নথি/ই-মেইল ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের ক্ষেত্রে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানগণ মনিটরিং জোরদার করবেন। এ বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অবহিত করা হয়েছে। ই-নথি ও ই-ফাইলে বাস্তবায়ন অগ্রগতি ৯০% উন্নীত করার বিষয়টি পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা | বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অবহিত করতে হবে। ই-ফাইলে বাস্তবায়ন অগ্রগতি ৯০% উন্নীত করতে হবে । এ বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসংস্থা / (সকল) প্রধান |

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হয়েছে। | | |
| ৩. | সভাকে অবহিত করা হয় যে, এ পর্যন্ত ১২ টি দপ্তর/সংস্থায় সর্বমোট ৮০০ জন প্রশিক্ষণার্থীকে আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে ব্যবহার হচ্ছে। | প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে ব্যবহার করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসংস্থা / (সকল) প্রধান |
| ৪. | সভাকে অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত বিগত ৩১/৫/২০২১ তারিখে আদেশ জারি এবং তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিও পরবর্তী সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয় |
| ৫. | (ক) সভায় জানানো হয় যে, ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অবহিত করা হয়েছে। প্রতিমাসে অনুবিভাগ পর্যায়ের সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। | ক. প্রতিমাসে অনুবিভাগ পর্যায়ের সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসংস্থা / (সকল) প্রধান |
| | (খ) সভায় অবহিত করা হয় যে, আগামী জুলাই/২১ মাসে স্ব মূল্যায়িত আইএপি জমা সংক্রান্ত সভার আয়োজন করা হবে। নির্দেশনা মোতাবেক ২০২১-২২ অর্থ বছরের আইএপি প্রণয়নে Need based সমস্যা সনাক্ত করে কার্যক্রম নেয়া হবে। আইএপি এর সাথে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time bound action plan) জমা প্রদান এবং প্রত্যাশিত ফলাফল (Expected result) উল্লেখ করার বিষয়ে আলোচনা করা হয়। | খ. আগামী জুলাই/২১ মাসে স্ব মূল্যায়িত আইএপি জমা সংক্রান্ত সভার আয়োজন করতে হবে। প্রয়োজনের ভিত্তিতে (Need based) সমস্যা সনাক্ত করে কার্যক্রম নির্বাচন করে আইএপি প্রণয়ন করতে হবে।আইএপি এর সাথে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time bound action plan) জমা প্রদান এবং প্রত্যাশিত ফলাফল (Expected result) উল্লেখ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসংস্থা / (সকল) প্রধান |

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬. | সভায় অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সংশোধন ও সংযোজনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং তা ১৭/৬/২০২১ তারিখে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা) |

০৩. আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
০৪-০৭-২০২১
জাকিয়া সুলতানা
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়।